**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**12 NOVEMBER 2024** **7:35 AM IST**

================================================================

ধলাই সংরক্ষিত আসন সহ রাজ্যের পাঁচটি আসনে আগামীকাল অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য সবধরণের প্রস্তুতি প্রায় সম্পন্ন ।

পাঁচটি আসনে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনগুলি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । এদিকে ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কাছাড়ের জেলাপ্রশাসন ও যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । এর অংশ হিসেবে নির্বাচনী সামগ্রী ও ভোটকর্মীদের নিজ নিজ গন্তব্যস্থলে সময়মতো এবং সঠিকভাবে পৌঁছে দেবার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে বিশেষ বাস-সেবার ব্যবস্থা করা হয়েছে । জেলার বিভিন্ন স্থান থেকে নিয়ে এসে ধলাই বিধানসভা কেন্দ্রের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ভোটকর্মী, নিরাপত্তা কর্মী ও আধিকারিকদের পৌঁছে দেওয়ার জন্য রামনগরের আন্তঃরাজ্য বাস টার্মিনাস থেকে বাসগুলি ছাড়ছে । এ এস-৭০৯ সিরিজের দশটি বাস আজ জেলার বিভিন্ন রুটে গিয়ে ভোটকর্মীদের তুলে আনছে । এই পিক-আপ পয়েন্টগুলির মধ্যে রয়েছে- জালালপুর, কুম্ভীরগ্রাম, সোনাই ইতাদি । একনম্বর বাসটি জালালপুর থেকে গুমড়া ও কালাইন হয়ে, দুনম্বর বাসটি করইকান্দি ও চেরাগি বাজার রুটে, তিন নম্বর বাসটি বড়খলা পুলিশ থানা থেকে রওয়ানা হয়ে ডলু হয়ে শিলচর ক্যাপিটেল পয়েন্ট দিয়ে রামনগর

যাবে । অনুরূপভাবে কুম্ভীরগ্রাম, লক্ষ্মীপুর, বিন্নাকান্দি, কচুদরম ইত্যাদি স্থান থেকে ভোটকর্মীদের রামনগর বাস টার্মিনাসে নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে ।

উল্লেখ্য এই উপনির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । ধলাই আসনের আটজন ছাড়াও সামগুড়ি আসনে ১১জন, সিডলী আসনে তিনজন, বিহালী আসনে চারজন এবং বঙাইগাও আসনে আটজন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । আগামীকাল প্রায় দশ লক্ষেরও বেশি ভোটদাতা এই প্রার্থীদের রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করবেন । এদিকে কংগ্রেস এবং এন ডি এ সবকটি আসনে প্রার্থী দিয়েছে । এন ডি এ মিত্রজোটের মধ্যে বিজেপি তিনটি আসনে এবং অসম গণপরিষদ ও ইউ পি পি এফ এল দল একটি করে আসনে প্রার্থী দিয়েছে ।

---

দেশের নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ি কাছাড়ের জেলা মেজিস্ট্রেট মৃদুল যাদব ধলাই বিধানসভা আসনের উপনির্বাচনের ভোটগ্রহণ কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন রাজনৈতিক দল বুথকেন্দ্র স্থাপন করতে পারবেন না বলে নিষেধাজ্ঞা জারি করেছেন ।এছাড়া বুথকেন্দ্র স্থাপনের জন্য সংশ্লিষ্ট প্রিসাইডিং অফিসারের কাছ থেকে লিখিত অনুমতি নিতে হবে বলে জানানো হয়েছে ।বুথকেন্দ্রে প্রার্থীর নামে ৪ ফুট দৈর্ঘ্য ও ৩ ফুট প্রস্থ সাইজের বেশী বড় ব্যানার লাগানো যাবেনা এবং প্রতীক চিহ্ন সহ শুধু একটি ব্যানার লাগানো যাবে বলে নির্দেশে জানানো হয়েছে ।ভোটারদের প্রলোভিত করতে কোনধরণের বস্ত্র অথবা মদ সহ যেকোন নেশাদ্রব্য , খাদ্যদ্রব্য , নগদ অর্থ বন্টন বা বহনে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।চাবাগান অঞ্চলে সংশ্লিষ্ট মালিক , কর্মচারী এবং তাদের পরিবারের সদস্য ছাড়া বাইরের কেউ আজ বিকেল ৫ টা থৈকে আগামীকাল সকাল সাতটা পর্যন্ত প্রবেশ করতে পারবেনা বলে নিষেধাজ্ঞায় জানানো হয়েছে ।

বিচারপতি সঞ্জীব খান্না গতকাল ভারতের ৫১তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবণে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে বিচারপতি খান্নাকে গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । তিনি আগামী বছরের মে মাস পর্যন্ত ভারতের প্রধান বিচারপতি হিসেবে কার্যনির্বাহ করবেন । উল্লেখ্য যে শ্রী খান্না বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের স্থলাভিশিক্ত হয়েছেন ।

---

মণিপুরের জিরিবাম জেলায় গতকাল নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ১০ জন সন্দেহভাজন কুকি উগ্রপন্থী নিহত হয়েছে ।গতকাল জিরিবামের জাকুরাডর এবং বরবেকরা এলাকায় সি আর পি এফ পোষ্টে সন্দেহভাজন উগ্রপন্থীরা আক্রমণ চালালে নিরাপত্তা বাহিনী কড়া প্রতিরোধ গড়ে তুলে । দীর্ঘ সময় ধরে গোলাগুলির পর নিরাপত্তা বাহিনী ১০ জন উগ্রপন্থীর মৃতদেহ ও বেশ কিছু অস্ত্রশস্ত্র ও গোলা বারুদ উদ্ধার করেছে । সংঘর্ষে দুজন সি আর পি এফের জওয়ান আহত হয়েছেন বলে জানা গেছে ।তাদেরকে এয়ারলিফট করে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে ।এই ঘটনার পর জিরিবাম জেলায় অনির্দিষ্ট কালের জন্য সান্ধ্য আইন জারি করা হয়েছে ।

---

শিলচর-কালাইন সড়কে গতকাল সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের চারজনের মৃত্যু হয়েছে । স্থানীয় সূত্রে জানা গেছে যে- কালাইন অভিমুখে যাওয়া একটি বলেরো পিক-আপ ভ্যানের সঙ্গে শিলচর অভিমুখে আসা একটি অটো রিক্সোর মুখোমুখি সংঘর্ষ হয় । নিহত চারজন একই পরিবারের বাবা-মা এবং তাদের ছেলে ও মেয়ে বলে জানা গেছে। এই দুর্ঘটনায় গুরুতর আহত অটোচালককে শিলচর মেডিকেল কলেজের আই সি ইউ'তে ভর্তি করা হয়েছে বলেও খবর পাওয়া গেছে ।  এই ঘটনার পরবর্তীতে স্থানীয় জনতা শিলচর-কালাইন সড়ক অবরোধ করে দোষীদের শাস্তির দাবী জানায় । পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয় বলে জানা গেছে ।

---

করিমগঞ্জ জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের ভারপ্রাপ্ত নিয়োগ আধিকারিক জানিয়েছেন যে রাজ্যের নিয়োগ ও কারিগরি প্রশিক্ষণ সঞ্চালকালয়ের তত্বাবধানে এবং করিমগঞ্জ জেলা কর্মবিনিয়োগ কার্যালয়ের উদ্যোগে আগামীকাল একটি ক্যারিয়ার কাউন্সিলিং কার্যসূচির আয়োজন করা হয়েছে । আগামীকাল বেলা ১১টা থেকে বেলা ২টো পর্যন্ত করিমগঞ্জ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে এই ক্যারিয়ার কাউন্সিলিং অনুষ্ঠিত হবে । এতে জেলার প্রায় ৪৫০ থেকলে ৫শো জন কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা অংশ গ্রহণ করবে । এই কার্যসূচিতে সংশ্লিষ্ট সবাইকে উপস্থিত থাকতে জেলার ভারপ্রাপ্ত নিয়োগ আধিকারিক অনুরোধ জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে জেলার বিভিন্ন স্থানে খাজনা আদায় শিবির শুরু হয়েছে । হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামীকাল থেকে ১৪ নভেম্বর পর্যন্ত বোয়ালিপার গাওপঞ্চায়েত,

লালা খন্ড উন্নয়ন কার্যালয়, দরিয়াঘাট-কারিছড়া গাওপঞ্চায়েত কার্যালয় এবং আলগাপুর গাওপঞ্চায়েত কার্যালে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । দ্বিতীয় পর্যায়ে ১৬ , ১৮ , ১৯ এবং ২০ নভেম্বর এবং তৃতীয় পর্যায়ে ২১ , ২২, ২৫ এবং ২৬ নভেম্বর ওই জেলার বিভিন্ন পঞ্চায়েত কার্যালয় এবং খন্ড উন্নয়ন কার্যালয়ে এই শিবির অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় সেপ্টেম্বর মাসের গণবন্টনের আটা বরাদ্দ করা হয়েছে । হাইলাকান্দি জেলার আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে প্রায়োরিটি হাউসহোল্ড কার্ড প্রতি ২ কিলো ২শো ৭৭ গ্রাম করে আটা বন্টন করা হবে ।

---

---